



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সিলেট সরকারি কলেজ, সিলেট।
www.sylgovcollege.edu.bd
email: principal_sgc@yahoo.com
ফোনঃ ০২৯৯৬৬৪১৪৩৫



তারিখ: ১৯.০১.২০২৩

একাদশ শ্রেণিতে (শিক্ষাবর্ষ: ২০২২-২০২৩) ভর্তি বিজ্ঞপ্তি

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে সিলেট সরকারি কলেজে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য www.xiclassadmission.gov.bd এর মাধ্যমে চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের নিম্নলিখিত সময়সূচি ও প্রক্রিয়া অনুসরণপূর্বক ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

ধাপসমূহ

- ১ম ধাপ: সোনালী সেবার মাধ্যমে ফি জমাদান
- ২য় ধাপ: কলেজ ওয়েবসাইটে ভর্তি ফরম পূরণ
- ৩য় ধাপ: প্রয়োজনীয় কাগজপত্রসহ ভর্তি ফরম কলেজে জমাদান:

১. ১ম ধাপ: ফি জমাদান প্রক্রিয়া:

"Sonali eSheba" মোবাইল অ্যাপের "HSC Fees" মেন্যু থেকে "Admission Fee" সিলেক্ট করে অথবা <https://sbl.com.bd:7070/> লিংকে প্রবেশ করে "HSC Fees" মেন্যু থেকে "Admission Fee" সিলেক্ট করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ফি পরিশোধ করতে হবে। ফি পরিশোধের পর প্রাপ্ত Payment Slip সংগ্রহ করতে হবে। ফি পরিশোধের জন্য শিক্ষার্থীকে তার এসএসসি পরীক্ষার রোল নম্বর দিতে হবে।

ভর্তি ফি:

গ্রুপ	ছাত্রদের ফি'স	ছাত্রীদের ফি'স
বিজ্ঞান	২৮৮০/-	২৭৬০/-
ব্যবসায় শিক্ষা	২৮৮০/-	২৭৬০/-
মানবিক	২৮৮০/-	২৭৬০/-

২. ২য় ধাপ: কলেজ ওয়েবসাইটে ভর্তি ফরম পূরণ:

সিলেট সরকারি কলেজের ওয়েবসাইটে (www.sylgovcollege.edu.bd) Admission মেন্যু থেকে HSC Admission 2023 তে ক্লিক করতে হবে। ঐ পেইজে উল্লিখিত সকল নির্দেশনা সঠিকভাবে পড়ে ডান পার্শ্বের ভর্তি ফরম পূরণ করতে হবে। পূরণকৃত ফরম ডাইনলোড করে প্রয়োজনীয় কাগজপত্রসহ কলেজে জমা দিতে হবে।

৩. ৩য় ধাপ: প্রয়োজনীয় কাগজপত্রসহ ভর্তি ফরম জমাদান:

গ্রুপ	জমাদানের স্থান	তারিখ ও সময়
বিজ্ঞান	কক্ষ নং-২২০ (২য় তলা)	২২.০১.২০২৩ সকাল ১০:০০ টা- বিকাল ২:০০ টা
মানবিক	কক্ষ নং-২২০ (২য় তলা)	২৩.০১.২০২৩ সকাল ১০:০০ টা- বিকাল ২:০০ টা
ব্যবসায় শিক্ষা	কক্ষ নং-২২০ (২য় তলা)	২৪.০১.২০২৩ সকাল ১০:০০ টা- বিকাল ২:০০ টা
সকল গ্রুপ	কক্ষ নং-২২০ (২য় তলা)	২৫.০১.২০২৩ ও ২৬.০১.২০২৩ সকাল ১০:০০ টা- বিকাল ২:০০ টা

****ভর্তির সময় শিক্ষার্থীদের ভর্তি ফরমের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র অবশ্যই জমা দিতে হবে, অন্যথায় ভর্তি হতে পারবে না।**

ক. সিলেট সরকারি কলেজের ওয়েবসাইটে অনলাইনে পূরণকৃত ভর্তির আবেদনপত্রের প্রিন্ট-০১ কপি।

খ. এসএসসি/ সমমানের পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্র এবং ০২ সেট ফটোকপি।

গ. শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের ০৪ কপি এবং স্ট্যাম্প সাইজের ০২ কপি ফটো।

ঘ. পেমেন্ট স্লিপ ০১ কপি।

❖ **মুক্তিযোদ্ধা কোটায় মনোনীত শিক্ষার্থীর জন্য:**

মুক্তিযোদ্ধা কোটায় নির্বাচিত শিক্ষার্থীকে উপরোল্লিখিত কাগজপত্রের সাথে মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান সনাক্তকরণের জন্য-

১. মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রাপ্ত মূলসনদ প্রদর্শনপূর্বক সত্যায়িত ফটোকপি-০১ কপি

২. সংশ্লিষ্ট এলাকার "মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল" কর্তৃক পদত্ব প্রত্যয়নপত্র (মূলকপি), প্রযোজ্যক্ষেত্রে ওয়ারিশ সার্টিফিকেট (মূলকপি জমাদিতে হবে)

❖ **শিক্ষা কোটায় মনোনীত শিক্ষার্থীর জন্য:**

শিক্ষা কোটায় মনোনীত শিক্ষার্থীকে তার পিতা/মাতার কর্মস্থলের কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র।

বি.দ্র: ১. সকল কাগজপত্র একটি A4 সাইজের খামে করে জমা দিতে হবে

২. খামের উপরে শিক্ষার্থীর নাম, শাখা, কলেজ রোল ও মোবাইল নম্বর স্পষ্ট করে লিখতে হবে।

৩. শিক্ষার্থীকে মূল ট্রান্সক্রিপ্ট এর একাধিক ফটোকপি ভবিষ্যতের প্রয়োজনে নিজের কাছে রাখার জন্য পরামর্শ দেয়া হলো।

একাদশ শ্রেণিতে গ্রুপ ভিত্তিক বিষয়সমূহ:

গ্রুপ	আবশ্যিক বিষয়সমূহ	নৈর্বাচনিক বিষয়সমূহ (৩টি)	ঐচ্ছিক বিষয় (১টি)
বিজ্ঞান	বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (৩ বিষয়)	i. পদার্থবিজ্ঞান ও রসায়ন এবং ii. জীববিজ্ঞান ও উচ্চতর গণিত এর মধ্য থেকে যে কোনো ১টি বিষয়	জীববিজ্ঞান, উচ্চতর গণিত ও ভূগোল এর মধ্য হতে যে কোন ১ টি
মানবিক		ভূগোল, অর্থনীতি, যুক্তিবিদ্যা, পৌরনীতি, ইসলামের ইতিহাস/ ইতিহাস, এর মধ্য হতে যে কোন ৩ টি	ভূগোল, যুক্তিবিদ্যা, ইসলামের ইতিহাস/ইতিহাস, ইসলাম শিক্ষা এর মধ্য হতে যে কোন ১ টি
ব্যবসায় শিক্ষা		হিসাববিজ্ঞান; ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা; ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা	অর্থনীতি ও ভূগোল এর মধ্য হতে যে কোন ১টি

ভর্তিচ্ছু শিক্ষার্থী, শিক্ষার্থীর অভিভাবক, আইনানুগ প্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে ভর্তি কার্যক্রমে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রতিস্বাক্ষর




(প্রফেসর আবুল আনাম মোঃ রিয়াজ)

আইডি নং- ০০৪০১৩

অধ্যক্ষ

সিলেট সরকারি কলেজ, সিলেট।



মোহাম্মদ আমিরুল ইসলাম

সহযোগী অধ্যাপক, অর্থনীতি

ও

আহবায়ক

একাদশ ভর্তি কমিটি-২০২৩

সিলেট সরকারি কলেজ, সিলেট।